হোটেল আটলান্টিকা কান্ডের মামলার বাদীকে হুমকী, থানায় জিডি

মেহেরপুরের বহুল আলোচিত হোটেল আটলান্টিকা কাণ্ড মামলার বাদীকে আদালতে হাজির হতে বাধা প্রদান ও প্রাণনাশের হুমকি দেওয়াতে মেহেরপুর সদর থানায় সাধারন ডায়রি (জিডি)করেছেন বাদী মোঃ মনোয়ার হোসেন।

গতকাল বুধবার বেলা ১১ টার দিকে মনোয়ার হোসেন সদর থানায় এ জিডি করেন। যার নম্বর-৯৯।

জিডিতে বাদী জানান, হোটেল আটলান্টিকা কান্ডে মেহেরপুর সদর থানার জিআর মামলা নং-৪২৯/২০২২ এর হাজিরা দিতে আসলে মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের ভবনের মূল গেটের সামনে মামলাটির চার্জশিট ভুক্ত ১ নং আসামী নাজনিন খান প্রিয়াসহ অজ্ঞাত আরও ৪/৫ জন তার গতিরোধ করে আদালতে হাজিরা দিতে নিষেধ করাসহ হোটেল আটলান্টিকা কান্ড মামলাটি প্রত্যাহার করে নিতে বলে। অন্যথায় মিথ্যা মামলায় জড়ানো সহ প্রাণনাশেরও হুমকি প্রদান করে ।

মনোয়ার হোসেন মেহেরপুর প্রতিদিনকে জানান, তিনি নিজের ও পরিবারের সদস্যদের নিরাপত্তার স্বার্থে বিষয়টি সদর থানায় অবহিত করে একটি সাধারন ডায়েরী (জিডি)করেছেন।